

ব্রাজিলে উড়োজাহাজ বিধ্বস্ত হয়ে নিহত ১৪

- A Monitor Desk Report

Date: 17 September, 2023



ব্রাজিলের উত্তরাঞ্চলীয় রাজ্য অ্যামাজনে একটি উড়োজাহাজ বিধ্বস্ত হয়ে ১৪ জন নিহত হয়েছেন। রাজ্যের রাজধানী মানাউস থেকে প্রায় ৪০০ কিলোমিটার দূরে বার্সেলোস প্রদেশে এ দুর্ঘটনাটি ঘটে।

নিহতদের মধ্যে ১২ যাত্রী এবং ২ জন ক্রু সদস্য রয়েছেন। স্থানীয় মেয়রের বরাত দিয়ে আন্তর্জাতিক বিভিন্ন গণমাধ্যম এ তথ্য জানিয়েছে।

গণমাধ্যমের সঙ্গে একটি সাক্ষাৎকারে বার্সেলোসের মেয়র এডসন ডি পাওলা রদ্রিগেস মেন্ডেস একটি মাঝারি আকারের উড়োজাহাজ বিধ্বস্ত হওয়ার বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি বলেন, উড়োজাহাজটিতে একজন পাইলট ও সহকারী পাইলট ছাড়াও ১২ জন পর্যটক ছিলেন, যাদের সবাই নিহত হয়েছেন।

আরও পড়ুন: [ইন্ডিগোর উড়োজাহাজে যান্ত্রিক ত্রুটি, দিল্লিতে জরুরি অবতরণ](#)

টুইটার নামে পরিচিত সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্ম এক্সে অ্যামাজন রাজ্যের গভর্নর উইলসন লিমা বলেছেন, বার্সেলোসে উড়োজাহাজ দুর্ঘটনায় ১২ যাত্রী এবং দুই ক্রু সদস্যের মৃত্যুতে আমি গভীরভাবে দুঃখিত। আমাদের বিভিন্ন দল প্রয়োজনীয় সহায়তা প্রদানের জন্য শুরুর থেকেই কাজ করছে। নিহতদের পরিবার এবং বন্ধুদের জন্য আমার সহানুভূতি ও প্রার্থনা রয়েছে।’

এদিকে মানাউস অ্যারোটোক্সি নামক একটি এয়ারলাইন বিবৃতি জারি করে উড়োজাহাজ দুর্ঘটনার কথা নিশ্চিত করেছে। এ ছাড়া এই ঘটনায় তদন্ত করার কথাও জানিয়েছে তারা। কিন্তু দুর্ঘটনায় মৃত্যু বা আহতদের বিষয়ে বিস্তারিত কিছু জানায়নি সংস্থাটি।

-B

